

## স্বাস্থ্য কমিশনার ড. ডেভ এ. চোকশির পক্ষ থেকে JOHNSON & JOHNSON (JANSSEN) টিকা সম্পর্কে বক্তব্য

"সরকারী অংশীদাররা সম্প্রতি আমাদের খুব অল্প সংখ্যক [Johnson & Johnson \(Janssen\)](#) টিকাজনিত কিছু গুরুতর প্রতিকূল ঘটনা সম্পর্কে সতর্ক করেছেন। যদিও এই ঘটনাগুলো অত্যন্ত বিরল বলে মনে হচ্ছে, **পূর্ণমাত্রায় সতর্ক থাকার উদ্দেশ্যে** আমরা মঙ্গলবার, (4/13) তারিখ হতে নিউ ইয়র্ক সিটিতে Johnson & Johnson টিকা প্রয়োগ স্থগিত করেছি। প্রতিকূল ঘটনাগুলো জাতীয় পর্যায়ে রিপোর্ট করা হচ্ছে এবং গৃহীত পদক্ষেপগুলো প্রমাণ করছে যে আমরা আমাদের সতর্কতা ব্যবস্থা থেকে পাওয়া সংকেতগুলোকে কতটা গুরুত্ব দিই। Johnson & Johnson (Janssen) টিকা পাওয়া একজন ব্যক্তি হিসাবে - এবং শহরের ডাক্তার হিসাবে - আমাদের শহরের সুরক্ষার জন্য COVID-19 টিকাদান প্রচেষ্টাকে গুরুত্ব দেয়ার উপর আমার আস্থা এখনও বিদ্যমান। COVID-19 মহামারীকে পরাজিত করতে আমরা Pfizer এবং Moderna টিকাসমূহ প্রদান করা চালিয়ে যাব।"